

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.৩৯.৫৫৮.১৭-৪৫৭

তারিখঃ ০৬ অগ্রহায়ণ, ১৪২৪ বাং  
২০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভূক্ত ৭ম পর্বের মাধ্যমে ১৪টি জেলার ২০টি উপজেলায় নির্বাচিত যুবদের মৌলিক প্রশিক্ষণ ও ডিসেম্বর, ২০১৭খ্রিঃ হতে শুরু প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভূক্ত ৭ম পর্বের এর অধীনে ১৪টি জেলার ২০টি উপজেলায় কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য যুবক/যুবনারীদের চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে।

২। কর্মসূচির নীতিমালা অনুযায়ী নির্বাচিত যুবদের ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান প্রদানের পূর্বে তাদেরকে ১০টি নির্ধারিত মডিউলের উপর ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। সে লক্ষ্যে নির্বাচিত যুবদের প্রশিক্ষণ প্রদানের কাজ শুরু করার জন্য বিশেষজ্ঞ প্রশিক্ষক ও উপজেলা মাস্টার ট্রেনার টিম গঠন; প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ ও অন্যান্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। প্রস্তুতি অনুযায়ী ৩ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ প্রশিক্ষণ শুরু করা যেতে পারে। উল্লেখ্য যে, চলতি অর্থবছরের মধ্যে ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ শেষ করার নিমিত্ত ৩ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ প্রশিক্ষণ শুরু করা অতিব জরুরী।

৩। এমতাবস্থায়, আগামী ৩ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ থেকে আলোচ্য কর্মসূচির অধীনে বাছাইকৃত উপকারভোগীদের মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার জন্য সদয় অনুমোদনক্রমে নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

- প্রাপকঃ ১) উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
----- জেলা।
- ২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
-----উপজেলা-----জেলা।

(আবুল হাছান খান)  
যুগ্মসচিব  
পরিচালক(পরিকল্পনা)  
ও  
পরিচালক(অঃ দাঃ)  
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি  
ফোন : ৯৫৬০৭০৩

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ----- (সংশ্লিষ্ট)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----- (সংশ্লিষ্ট)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।